

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
আইসিটি শাখা



ডিসেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জিয়াউল হক জেলা প্রশাসক, বগুড়া
সভার তারিখ	১৯ ডিসেম্বর, ২০২১ খ্রি:
সভার সময়	দুপুর ১:১৫ মি.
স্থান	জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার সম্মেলন কক্ষ 'করতোয়া'
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পঠিত হয়। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা করা হয় :

আলোচনা :

আলোচনাকালে সভায় উল্লেখ করা হয় যে, জেলায় গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১ম অর্ধবার্ষিক সময়ের বাস্তবায়নযোগ্য পরিকল্পনা সমূহ বাস্তবায়নের নিমিত্ত জেলার সকল সরকারি দপ্তরের সেবা সহজিকরণের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা/আইডিয়া প্রণয়ন করে এ কার্যালয়ে প্রেরণ করত: উদ্ভাবনী উদ্যোগ সমূহ বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা পর্যায়েও অনুরূপভাবে সকল সরকারি দপ্তরের সেবা সহজিকরণের উদ্ভাবনী উদ্যোগের ধারণা/আইডিয়া প্রণয়ন করে এ অফিসকে অবহিত করত: গৃহীত উদ্ভাবনী উদ্যোগ সমূহ বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়। শুধুমাত্র জেলার দুটি দপ্তর হতে কোন উদ্ভাবনী ধারণা পাওয়া গিয়াছে। এ ছাড়া জেলার অন্যান্য দপ্তর ও উপজেলা পর্যায়ের কোন দপ্তর হতে পাওয়া অদ্যাবধি কোন তথ্য পাওয়া যায়নি। পুনরায় সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। একইসাথে জেলা ও উপজেলায় চলমান পাইলট উদ্ভাবনী উদ্যোগ সমূহ বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানানো হয়। পাইলট উদ্ভাবনী উদ্যোগের তালিকা নিম্নে প্রদত্ত হলো :

ক্র:	উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা	উদ্ভাবনী উদ্যোগের নাম
০১.	মোঃ আদনান বাবু উপজেলা কৃষি অফিসার নন্দীগ্রাম, বগুড়া ০১৭৭৫-৮৯৩৪৮৩	প্রকল্পের নাম: কৃষকের গল্প (Krishoker golpo) অনলাইন কৃষি প্রযুক্তি সম্প্রসারণ:
০২.	মো: কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। 01711014188	স্টুডেন্টস নেটওয়ার্ক এর মাধ্যমে শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ :
০৩	উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বগুড়া সদর, বগুড়া	ছাদ বাগান বিষয়ক ফেইজবুক ভিত্তিক অভিযান "সুকন্যার সবুজ ছাদ":

০৪.	মো: আব্দুল হালিম উপজেলা কৃষি অফিসার সারিয়াকান্দি, বগুড়া	অফিস প্রাঙ্গনে অভিযোগ বক্স স্থাপন:
-----	---	------------------------------------

পাইলট উদ্যোগ সমূহ বাস্তবায়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩
০১.	২০২১-২০২২ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা পোর্টালে দৃশ্যমান আছে কিনা তা পরীক্ষা করার বিষয়টি অব্যাহত রাখতে হবে।	১। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ৩। সহকারী প্রোগ্রামার (সকল)
০২.	জেলা পর্যায়ের দপ্তর সমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার জন্য দপ্তরসমূহে পত্র দিতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ২। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া
০৩.	উপজেলা পর্যায়ের দপ্তর সমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
০৪.	প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
০৫.	কার্যালয়ের ০৯-১২-২০২১ তারিখের ০৫.৫০.১০০০.০২৪.০৯.০০৩.২১.৩২৫(১১০) নং স্মারকের প্রেক্ষিতে এ জেলার সকল দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়সহ উপজেলার সকল দপ্তরে গৃহীত উদ্ভাবনী ধারণা, উদ্যোগ ও উদ্ভাবনী চিন্তাধারা সংক্রান্ত প্রস্তাব প্রেরিত হকে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলার সকল দপ্তর প্রধান ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
০৬.	পাইলট উদ্ভাবনী উদ্যোগসমূহ দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে মনিটরিং করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ জিয়াউল হক
জেলা প্রশাসক, বগুড়া

তারিখ: ১৮ পৌষ ১৪২৮

০২ জানুয়ারি ২০২২

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০২৪.০৬.০০২.১৯.২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
- ৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা
- ৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৬) প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
- ৭), বগুড়া
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
- ৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া
- ১০), বগুড়া



মোঃ জিয়াউল হক
জেলা প্রশাসক